বাংলা ১ম পত্র (সৃজনশীল)
বিষয় কোড - 101
সময়-২ ঘণ্টা ৩০ মিনিট
পূর্ণমান-৭০

**দ্রষ্টব্য**: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং নিচের প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক বিভাগ-গদ্য থেকে ন্যূনতম **দুটি**, খ বিভাগ-কবিতা থেকে ন্যূনতম **দুটি**, গ বিভাগ-উপন্যাস ও ঘ বিভাগ-নাটক থেকে ন্যূনতম একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।

## ক বিভাগ-গদ্যাংশ

১। তুমি কি এখন দেখিছ স্বপন
আমারে, আমারে, আমারে
খোলা এলোচুল মুখের দু'পাশে ছড়ায়ে
তুমি ঘুমায়ে আছো কী
মোর দেওয়া সেই ঝরা মালা বুকে জড়ায়ে
স্বপনে দিলে কি ভুলিয়া
স্মৃতির দুয়ার খুলিয়া
আবার কী ভাবে ফিরে চাও তুমি
ফিরায়ে দিয়াছ যাহারে।

(ক) কল্যানীর পিতার নাম কী?
(খ) 'এই তো আমি জায়গা পাইয়াছি' ---ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের সাথে 'অপরিচিতা' গল্পের সাদৃশ্য বিচার কর।
(ঘ) উদ্দীপকে উল্লিখিত ভাবের সাথে 'অপরিচিতা' গল্পের নায়কের প্রেমবোধ বিশ্লেষণ কর।

২। আরিফ সাহেব অত্যন্ত বাশভারী লোক। তিনি। যে কোম্পানিতে কাজ করেন, সেখানে তার আশেপাশে অনেক তেলবাজ, তোষামোদকারী কর্মচারী মায়ে। কিন্তু তিনি খুব স্পষ্টবানী। কাউকে তোষামোদ করা তার স্বভাববিরুদ্ধ। ফলে তাকে অনেকে বেয়াদব এবং গোঁয়ার হিসেবে ভাবে।
(ক) 'আমি আছি'-এটি কার কথা?
(খ) "আমার কর্ণধার আমি"---ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকে 'আমার পথ' প্রবন্ধের কোন বক্তব্য প্রতিফলিত হয়েছে।
(ঘ) "উদ্দীপকটি 'আমার পথ' প্রবন্ধের সম্পূর্ণভাব ধারণ করে" ---মন্তব্যাটির সাথে তুমি কী একমত? অলোচনা কর।

৩। আপনার লয়ে বিব্রত রহিতে
আসে নাই কেহ অবনী পরে।
সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে আমরা পরের তরে।

(ক) 'Existentialism'-এর মূল কথা কী?
(খ) "একমুষ্ঠি ভিক্ষা দেওয়াকেও আমরা মানবকল্যাণ মনে করে থাকি"---ব্যাখ্যা কর।
(গ) কবিতাংশটিতে 'মানবকল্যাণ' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে-আলোচনা কর।
(ঘ) উদ্দীপকের আলোকে 'মানবকল্যাণ' প্রবন্ধ এবং উদ্দীপকের মূলভাব বিশ্লেষণ কর।

৪। বর্ণবাদ বিরোধী আন্দোলনের অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলা। যিনি জীবনের অধিকাংশ সময় কারাগারে বন্দি ছিলেন। কারাবন্দি অবস্থায়ও তিনি বিভিন্ন গ্রন্থ প্রকাশ এবং অনশনের মাধ্যমে অধিকার আদায়ের জোর প্রচেষ্টা চালিয়ে গেছেন।
(ক) মুরিসিস' কী?
(খ) 'নাশতা খাবার ইচ্ছা আমাদের নেই"-কে এবং কোন প্রসঙ্গে একথা বলেছেন?
(গ) উদ্দীপকের সাথে 'বায়ান্নর দিনগুলো' রচনার বক্তব্যগত সাদৃশ্য আলোচনা কর।
(ঘ) উদ্দীপক এবং 'বায়ান্নর দিনগুলো' রচনা অবলম্বনে বাঙালি জাতির পিতা শেখ মুজিবুর রহমানের চেতনাগত স্বাতন্ত্র্য নিরূপণ কর।

prashnobd.com

## খ বিভাগ-কবিতা

৫। ক্ষুদিরাম বসু স্বাধীনতাকামী একজন বিপ্লবী ছিলেন। দেশমাতৃকার মুক্তির জন্য অতি অল্প বয়সে তিনি বিপ্লবের মন্ত্রে দীক্ষিত হন। তিনি স্বপ্ন দেখেন উপনিবেশিক শাসনের হাত থেকে ভারতকে মুক্ত করার। মাতৃভূমির স্বাধীনতার জন্য তিনি নিজের জীবন বিসর্জন দিয়েছেন। তবু পরাধীনতার শৃঙ্খল মেনে নেননি।

(ক) বিদ্রোহী' কবিতা কবির কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
(খ) 'আমি ক্ষ্যাপা দুর্বাসা, বিশ্বামিত্র-শিষ্য, ---ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের সাথে বিদ্রোহী' কবিতার সাদৃশ্য আলোচনা কর।
(ঘ) উদ্দীপকে প্রতিফলিত ক্ষুদিরামের সংগ্রামী চেতনা যেন 'বিদ্রোহী' কবিতার জাবসত্যেরই সংহত রূ '---মূল্যায়ন কর।

৬।
মানুষ মানুষের জন্য
জীবন জীবনের জন্য
একটু সহানুভূতি কি
মানুষ পেতে পারে না
ও বন্ধু---

(ক) কবি কাকে 'বুকভরা গান' দেন?
(খ) "মোর বুকে যেবা কবর ঘেঁধেছে, আমি তার বুক ভরি" ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের সাথে 'প্রতিদান' কবিতার জারণার সাদৃশ্য আলোচনা কর।
(ঘ) মানুষ মানুষের জন্য উদ্দীপক এবং প্রতিমান কবিতার আলোকে বিশ্লেষণ কর।

৭। আত্মত্যাগের মন্ত্রে উজ্জীবিত হয়ে রক্তশপথ নিয়ে এগিয়ে চলাই তারুণ্যের বর্ম। এ বয়সের ধর্মই হলো মাথা নত না করার শপথে উদ্দীপ্ত হওয়া। জড়তা তাদেরকে আচ্ছন্ন করতে পারে না। অফুরান প্রাণচঞ্চলতা ও দুঃসাহসিকতা তরুণদের পথচলার শক্তি যোগায়।

(ক) সুকান্ত ভট্টাচার্য কত বছর বয়সে মারা যান?
(খ) 'এদেশের বুকে আঠারো আসুক নেমে"-ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের সাথে 'আঠারো বছর বয়স কবিতার বিষয়বস্তুগত সাদৃশ্য আলোচনা কর।
(ঘ) উদ্দীপকের আলোকে আঠারো বছর বয়স' কবিতায় বর্ণিত যৌবনের স্বতঃস্ফূর্ত প্রকাশের স্বরূপ বিশ্লেষণ কর।

## গ বিভাগ-নাটক

৮। স্বার্থান্ধ মানুষের শোডের কারণে এই পৃথিবীতে যুগে যুগে অনেক নৃশংস হত্যাকাণ্ড ঘটেছে। ইতিহাস সাক্ষী এসব হত্যাকাডের সাথে অর্থলিপ্সা, ক্ষমতার হব যেমন জড়ি তেমনিভাবে জড়িত থাকে খুব কাছের মানুষ এবং অত্যন্ত প্রিয়ভাজন ব্যক্তিবর্গ। যার উদাহরণ-জুলিয়াস সিজার, মহাত্মা গান্ধী, বলাবন্ধু শেখ মুজিবুর রহমান, ইন্দিরা গান্ধী প্রমুখ নেতৃবৃন্দ।

(ক) সিরাজউদ্দৌলাকে কোথায় বন্দী করা হয়?
(খ) 'সিরাজ আমার কেউ নয়"--ঘসেটি বেগম কেন একথা বলেছেন?
(ঘ) উদ্দীপকের সাথে সিরাজদ্দৌলার করুণ পরিণতির সাদৃশ্য বিচার কর।
(ঘ) উদ্দীপকটি সিরাজউদ্দৌলা নাটকের চেতনাগত দিক অনেকটাই ঘরণ করতে পেরেছে বিশ্লেষণ কর।

৯। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে দেশের কিছু মানুষ বিরোধিতা করেছে। অনেকে স্বার্থসিদ্ধির জন্যে গোপনে পাক সেনাদের সাথে হাত মিলিয়ে বাঙালি নিধনে তৎপর হয়ে উঠেছে। তেমনি দেশবিরোধী একজন ব্যক্তি আবুল মিয়া। পাকিস্থানি হানাদার বাহিনীর সাথে আঁতাত করে সে তার নিজের এলাকার অনেক ক্ষতিসাধন করেছে।

(ক) পলাশীর যুদ্ধে নবাব সিরাজউদ্দৌল্যর দৈন্য সংখ্যা কত ছিল?
(খ) "আমার নালিশ আজ আমার নিজের বিরুদ্ধে-উক্তিটির মর্মার্থ বুঝিয়ে দাও।
(গ) উদ্দীপকের আবুল মিয়া সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে
(ঘ) 'উদ্দীপকে সিরাজউদ্দৌলা' নাটকের আংশিক চিত্র প্রতিফলিত হয়েছে-এ প্রসঙ্গে তোমার মতামত দাও।

proshnobd.com

## ঘ বিভাগ-উপন্যাস

১০। বাংলাদেশের একটি ছোট্ট গ্রাম রসুলপুর। সেখানকার অধিকাংশ মানুষ অশিক্ষিত। সভ্যতার ছোঁয়া বিবর্জিত এই গ্রাম অভবিশ্বাস এবং কুসংস্কারে পরিপূর্ণ। কারো অসুস্থতায় হাশেম মিয়ার স্বপ্নে পাওয়া তাবিজ, ঝাড়ফুঁক, পানিপড়া একমাত্র ভরসা। এ গ্রামের জরিনা অশিক্ষিত হলেও সে হাশেম মিয়ার ঝাড়ফুঁকে বিশ্বাস করে না। প্রতিবাদী ও সাহসী জরিনা তার বুদ্ধিমত্তা দিয়ে গ্রামের লোকদেরকে ঝাড়ফুঁকের অসাড়তার দিকটি বোঝানোর চেষ্টা করে।

(ক) সালসালু' উপন্যাসের ফরাসি অনুবাদ করেন কে?
(খ) 'দুনিয়াটা সবচেয়ে বিচিত্র জায়গা-ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের সাথে 'লালসালু' উপন্যাসের বিষয়গত সাদৃশ্য কোথায়?
(ঘ) উদ্দীপকের 'জারিনা আর 'লালসালু'র জমিলা একে অপরের পরিপূরক মন্তব্যটি বিশ্লেষণ কর।

১১। সাধু সুন্দরলাল সাঁওতালদের কাছে দেবতাতুল্য। তবে সে নিরীহ সাঁওতালদের বিশ্বাসের সাথে খেলা করে। করম দেবতা ও শিং বোলার ভয় দেখায়। দেবতার কোপে মড়ক লেগে সবাই মরে যাবে এমন কথায় ভয় পেয়ে সবাই তার কাছেই সাহায্য চায়। এই সুযোগে সুন্দরলাল তাদের আসামের চা বাগানে কুলির কাজ করতে পাঠিয়ে দেয়। মনে মনে হিসেব করে কতজন পাঠালো আর কমিশন কত টাকা পাবে।

(ক) মজিদকে দেখে প্রথমে জমিলার কী মনে হয়?
(খ) "শস্যের চেয়ে টুপি বেশি ধর্মের আগাছা বেশি"---উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে?
(গ) উদ্দীপকের সাথে 'লালসালু' উপন্যাসের কোন প্রসঙ্গে সাদৃশ্য পাওয়া যায়? আলোচনা কর।
(ঘ) উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের সমাজবাস্তবতা অভিন্ন ---বিশ্লেষণ কর।

prosnobd.com

বাংলা ১ম পত্র (বহুনির্বাচনী)
বিষয় কোড - 101
সময় - ৩০ মিনিট
পূর্ণমান – ৩০

১। "তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?" উক্তিটি কার?
(ক) বিদ্যাপতি (খ) চন্ডীদাস
(গ) বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায় (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

২। আঠারো বছর বয়স কীভাবে বেঁচে থাকে?
(ক) কর্মে ও প্রেরণায় (খ) দুর্যোগে আর ঝড়ে
(গ) বিপদে আর সংগ্রামে (ঘ) উদ্দীপনা আর সাহসে

৩। নবাব সিরাজউদ্দৌলাকে কায়েদখানায় হত্যা করেছিল কে?
(ক) মিরন (খ) ক্লাইভ
(গ) মোহাম্মদি বেগ (ঘ) মিরজাফর

**নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও:**

"ঘুমিয়ে গেছে শ্রান্ত হয়ে আমার গানের বুলবুলি
করুণ চোখে চেয়ে আছে সাঝের ঝরা ফুলগুলি।"

৪। উদ্দীপকের 'গানের বুলবুলি' তাহারেই পড়ে মনে কবিতায় কোন প্রসঙ্গের অবতারণা করে?
(ক) ভক্তবৃন্দ (খ) প্রয়াত স্বামী
(গ) শীতঋতু (ঘ) ঋতুরাজ বসন্ত

৫। উদ্দীপকের ভাববস্তু 'তাহারেই পড়ে মনে' কবিতার যে বিষয়টি স্মরণ করিয়ে দেয়-
i. ঋতু বরণে কবির নিরাসক্তি ii. ব্যক্তিগত শোক বিহ্বলতা
iii. মর্ম-মাঝে গুরে ওঠা কান্না
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬। মৃত্যুঞ্জয় কোন ক্লাসে পড়তো?
(ক) ফার্স্ট ক্লাস (খ) সেকেন্ড ক্লাস
(গ) থার্ড ক্লাস (ঘ) ফোর্থ ক্লাস

৭। কবি শামসুর রাহমানের পৈতৃক নিবাস কোন গ্রামে?
(ক) ক্ষুদ্রকাঠি (খ) পাড়াতলি
(গ) গোটিয়া (ঘ) তাম্বুলখানা

৮। 'ইয়ে কেয়া বাত হ্যায়, আপ জেলখানা মে।'-উক্তিটি কার?
(ক) ডেপুটি জেলারের (খ) সুপারিনটেনডেন্টের
(গ) জমাদার সাহেবের (ঘ) সুবেদারের

৯। 'লালসালু' উপন্যাসে শিকারির একাগ্রতা কার চোখে?
(ক) কাদের (খ) তাহের (গ) মজিদ (ঘ) কালুর

**নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও:**

হাসেমের বাবা অনাথ, শাহেদকে ছোটকাল থেকে সন্তানস্নেহে লালন-পালন করেন। হাতেমের সঙ্গে তার নিকট আত্মীয় শামসু মিয়ার বিরোধ সৃষ্টি হলে মাত্র পনের হাজার টাকার বিনিময়ে শামসু মিয়ার প্ররোচনায় হাতেমকে নির্মমভাবে খুন করে শাহেদ।

১০। উদ্দীপকের শাহেদ 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?
(ক) মিরন (খ) মোহাম্মদি বেগ
(গ) উমিচাঁদ (ঘ) মিরজাফর

১১। উভয় চরিত্রের মধ্যে সাদৃশ্যের কারণ হলো, এরা-
i. কৃতঘ্ন ii. ক্ষমতালোভী iii. অর্থলোভী
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১২। 'বিদ্রোহী' কবিতায় 'প্রণব-নাদ' বলতে কবি কী বুঝিয়েছেন?
(ক) সকরুণ বিলাপ (খ) বিকট আওয়াজ
(গ) প্রতিধ্বনি (ঘ) ওঙ্কার ধ্বনি

১৩। 'মাসি-পিসি' গল্পটি প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়?
(ক) বিজলী (খ) সবুজপত্র
(গ) দৈনিক স্বাধীনতা (ঘ) পূর্বাশা

১৪। 'আমার পথ' প্রবন্ধে লেখক কাকে 'দাসত্ব' বলেছেন?
(ক) পরাবলম্বন (খ) মিথ্যা বিনয়
(গ) রাজভয় (ঘ) ভন্ডামি

১৫। 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি কোন ছন্দে রচিত?
(ক) স্বরবৃত্ত (খ) অক্ষরবৃত্ত
(গ) মাত্রাবৃত্ত (ঘ) গদ্যছন্দ

১৬। শানাই, ঢোল ও কাঁসি-এই তিন প্রকার বাদ্যযন্ত্রে সৃষ্ট ঐক্যতানবাদককে বলে-
(ক) রসনচৌকি (খ) দাল্লা (গ) ত্রিতাল (ঘ) পঞ্চস্বর

১৭। কত সালে কাজী নজরুল ইসলামকে সপরিবারে বাংলাদেশে আনা হয়?
(ক) ১৯৭১ (খ) ১৯৭২ (গ) ১৯৭৩ (ঘ) ১৯৭৪

১৮। আবুল ফজলের মতে মানব-কল্যাণ কোনটি?
(ক) একমুষ্টি ভিক্ষা দেওয়া (খ) পারস্পরিক সহযোগিতা
(গ) মানুষের সার্বিক মঙ্গলের প্রয়াস (ঘ) বিপদের সময় সাহায্য করা

১৯। 'বিলাসী' গল্পের সমাজ চিত্রে প্রধানত কোন দিকটি ফুটে উঠেছে?
(ক) জাতিভেদ প্রথা (খ) পরশ্রীকাতরতা
(গ) নিষ্ঠুরতা (ঘ) অকৃতজ্ঞতা

**নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও:**

রহিম মিয়ার স্ত্রী মরিয়ম সহজ-সরল নারী। স্বামীর প্রতি তার অটল বিশ্বাস ও ভক্তি। তার কাছে স্বামী হচ্ছে খোদার ক্ষমতাপ্রাপ্ত একজন কামেল লোক। অথচ গ্রামের অশিক্ষিত সরল মানুষের খোদাভীতিকে কাজে লাগিয়ে রহিম মিয়া নানা ফতোয়ায় নিজের আর্থিক সচ্ছলতা বৃদ্ধি করে।

২০। উদ্দীপকের মরিয়ম 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?
(ক) হাসুনির মা (খ) জমিলা
(গ) আমেনা বিবি (ঘ) রহিমা

২১। উদ্দীপকের রহিম মিয়া ও 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়ের টিকে থাকার প্রধান অবলম্বন হলো-

prosnobd.com

i. প্রতারণা ii. ধর্মের বেসাতি iii. ধর্মীয় অনুরাগ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২। মাসি-পিসির মধ্যে গভীরভাব গড়ে ওঠার কারণ কোনটি?

(ক) অর্থ উপার্জন করে বলে (খ) দুইজনই বিধবা বলে

(গ) একসাথে ব্যবসা করায় (ঘ) আহাদির দায়িত্ব কাঁধে পড়ায়

২৩। সুকান্ত ভট্টাচার্য কত বছর বয়সে মারা যান?

(ক) ১৯ বছর (খ) ২০ বছর (গ) ২১ বছর (ঘ) ২২ বছর

২৪। "বাংলাদেশ যে আপনার কাছ থেকে অনেক কিছু আশা করে।"---'বায়ান্নর দিনগুলো' রচনায় উক্তিটি দ্বারা বঙ্গবন্ধু সম্পর্কে কী আশা করা হয়েছে?

(ক) সংগ্রাম ও আত্মজীবনী লেখার সুযোগ

(খ) বিচিত্র অভিজ্ঞতা ও রাজনৈতিক পর্যবেক্ষণ

(গ) ভাষা আন্দোলনে আপোষহীনতা

(ঘ) মুক্তিকামী মানুষের জন্য সফল নেতৃত্ব

২৫। 'অপরিচিতা' গল্পে অনুপমের আসল অভিভাবক কে?

(ক) হরিশ (খ) মামা (গ) মা (ঘ) বিনুদাদা

২৬। 'প্রতিদান' কবিতাটি জসীমউদ্‌দীনের কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?

(ক) নকসী কাঁথার মাঠ (খ) ধানক্ষেত

(গ) বালুচর (ঘ) রঙিলা নায়ের

২৭। 'কিন্তু দেশটা কেমন মরার দেশ'-'লালসালু' উপন্যাসের এই বাক্যে 'মরার দেশ' বলতে কী বোঝানো হয়েছে?

(ক) জনশূন্যতা (খ) শস্যহীনতা

(গ) শিক্ষাহীনতা (ঘ) ধর্মহীনতা

**নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও:**

বায়ান্নর ভাষা আন্দোলনের রায়হান ভয়ে মিছিলে যেতে না চাইলেও তপু তাকে জোর করে নিয়ে যায় এবং হাতে একটি প্ল্যাকার্ড ধরিয়ে দেয়। প্ল্যাকার্ড পেয়ে হঠাৎ তার মধ্যে এক অজানা সাহসের উদয় হয় এবং সে দ্রুত মিছিলের দিকে এগিয়ে যায়।

২৮। উদ্দীপকের রায়হান 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের প্রতিনিধি?

(ক) নুরুল হুদা (খ) আফাজ আহমদ

(গ) মিন্টু (ঘ) আবদুস সাত্তার মৃধা

২৯। উদ্দীপকের ভাববস্তু 'রেইনকোট' গল্পের কোন অন্তর্নিহিত বিষয়কে ইঙ্গিত করে?

i. সুপ্ত চেতনার জাগরণ ii. আত্মত্যাগের মহিমা iii. ভয়কে জয় করা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০। 'সোনার তরী' কবিতায় কবি রবীন্দ্রনাথ ঠাকুর কী ফুটিয়ে তুলেছেন?

(ক) কৃষকের দুর্দশা (খ) প্রকৃতির বৈরী রূপ

(গ) মানব প্রেম (ঘ) জীবন দর্শন

proshnobd.com